



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Web site : www.bteb.gov.bd

### ২০১৮ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের প্রবিধান ও সিলেবাস বর্তমান চাকরি বাজারের চাহিদা ও প্রযুক্তিগত পরিবর্তনের নিরীখে পরিমার্জন ও যুগোপযোগী করা হয়েছে। বোর্ড অনুমোদিত টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি), টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (টিভিআই), স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০১৮ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড ও আসন সংখ্যা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- ১.০ ভর্তির নিয়মাবলী
- ১.১ এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যেকোন শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি উত্তীর্ণরা ২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ১.২ সরকারি প্রতিষ্ঠানের ১ম শিফটে ভর্তিচ্ছু প্রার্থীদের ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে বয়স অনূর্ধ্ব ১৭ (সতের) বছর হবে। সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফট/বেসরকারি প্রতিষ্ঠানের জন্য বয়সের উর্ধ্বসীমা শিথিল যোগ্য।
- ১.৩ ভর্তিচ্ছু প্রার্থীকে যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সে প্রতিষ্ঠান হতে অফেরতযোগ্য ১২০.০০ (একশত বিশ) টাকার বিনিময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ভর্তি তথ্যবিবরণী ও ভর্তির আবেদনপত্র/ফরম সংগ্রহ করতে হবে।
- ২.০ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত জানা যাবে। ভর্তি সংক্রান্ত তথ্য বোর্ডের নিজস্ব ওয়েব সাইট (www.bteb.gov.bd)-এ দেখা যাবে।
- ৩.০ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভর্তি ফরম ও ভর্তি তথ্য বিবরণী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট থেকে ডাউন লোড করে ভর্তিচ্ছু প্রার্থীদের মধ্যে বিক্রির ব্যবস্থা নেবে।
- ৪.০ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২-৩৬৪, তারিখ: ০৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ মোতাবেক কোটা সংরক্ষিত থাকবে।
- ৫.০ শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বুঝাবে।
- ৬.০ ভর্তি সংক্রান্ত সময়সূচি

| কার্যক্রম                  | প্রতিষ্ঠান                                       |   |  |
|----------------------------|--|---|--|
|                            | টিটিসি/টিভিআই<br>(প্রথম শিফট)                    | টেকনিক্যাল স্কুল ও কলেজ<br>(প্রথম শিফট ও দ্বিতীয় শিফট) | বেসরকারি প্রতিষ্ঠান<br>(প্রথম শিফট)              |
| আবেদনপত্র<br>বিতরণ ও গ্রহণ | ১৭/১২/২০১৭ খ্রিঃ হতে<br>০৮/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত | ১৭/১২/২০১৭ খ্রিঃ হতে<br>০৮/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত        | ১৭/১২/২০১৭ খ্রিঃ হতে<br>০৮/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত |
|                            | (সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতিত)            |   |  |
| মেধা তালিকা প্রকাশ         | ১১/০১/২০১৮ খ্রিঃ                                 | ১১/০১/২০১৮ খ্রিঃ  | ১১/০১/২০১৮ খ্রিঃ                                 |
| শিক্ষার্থী ভর্তি           | ১১/০১/২০১৮ খ্রিঃ হতে<br>১৪/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত | ১১/০১/২০১৮ খ্রিঃ হতে<br>১৪/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত        | ১১/০১/২০১৮ খ্রিঃ হতে<br>২৯/০১/২০১৮ খ্রিঃ পর্যন্ত |
|                            | ক্লাস আরম্ভের তারিখ                              |   |  |
|                            |  | ১৫/০১/২০১৮ খ্রিঃ  |  |

মোঃ আক্তারউজ্জামান  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।